

ভয় হীন

খুব ভোরেই আজ এলে তুমি। আজ আর তোমাকে ভয়
দেখাব না --- এই বলে তুমি আমাকে তিনটি কাঁচ জমা দিয়ে
ঘরের ভেতরে বসে থাকতে বললে। সারাদিন তাই বসে ছিলাম।

আজ সারাদিন তুমি আর আসোনি। আজ তাই সারাদিন
আমার বাইরে যাওয়া হয়নি। রোদ লাগেনি বাতাস লাগেনি।
সম্ভবেলা কি করি কি করি।

অন্ধকারের মধ্যে দাঁড়িয়ে আছে একটা পেয়ারা গাছ।
আমি অন্ধকারের দিকে তাকাই। পেয়ারা গাছের দিকে তাকাই।
পেয়ারা গাছ অন্ধকারে ডুবতে থাকে। পেয়ারা গাছ বাঁচতে চায়।
পাখা ঝাপটায়। দুজনে খেলছে না যুদ্ধ করছে বুঝতে
পারি না। কোথায় যেন ঝন্ করে শব্দ।

আমার হাতের তিনটে কাচ! কোথায় হারালো? ঠিক
এ সময় আবার তুমি তীক্ষ্ণ পেনসিল টর্চের আলো নিয়ে
এগিয়ে আসছ আমার দিকে। তুমি! দোহাই তোমার ...
কী কঠিন ও ধীর তোমার চলা!
আর অবিচল তোমার টর্চের আলো!

সুনীল আচার্য

